

সুইজারল্যান্ডের বার্নে নতুন দূতাবাস হচ্ছে

- A Monitor Desk Report

Date: 21 December, 2025



ঢাকা : সুইজারল্যান্ডের রাজধানী বার্নে বাংলাদেশের একটি নতুন পূর্ণাঙ্গ দূতাবাস স্থাপনের প্রস্তাব অনুমোদন করেছে উপদেষ্টা পরিষদ।

বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত এক গুরুত্বপূর্ণ বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

প্রধান উপদেষ্টার প্রেস উইং জানিয়েছে, স্বাধীনতার পর থেকেই সুইজারল্যান্ডের জেনেভাতে বাংলাদেশের একটি স্থায়ী মিশন কাজ করছে। বিশ্বের বেশিরভাগ দেশের দূতাবাস বার্নে থাকলেও এতদিন বাংলাদেশ জেনেভার মিশন থেকেই দূতাবাস ও জাতিসংঘের যাবতীয় কূটনৈতিক কাজ পরিচালনা করে আসছিল। এতে কাজের পরিধি বেড়ে যাওয়ায় বার্নে আলাদা দূতাবাস স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দেয়।

সুইজারল্যান্ড বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী এবং গুরুত্বপূর্ণ কৌশলগত অংশীদার। দেশটির সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য ও কূটনৈতিক সম্পর্ক আরও জোরদার করতে বার্নে নিজস্ব দূতাবাস স্থাপনের এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিকভাবে একজন রাষ্ট্রদূত, একজন ফার্স্ট সেক্রেটারি এবং প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দিয়ে এই দূতাবাসের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করা হবে।

বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের মোট ৮২টি মিশন অফিস রয়েছে। বার্নে নতুন এই দূতাবাস যুক্ত হওয়ার মাধ্যমে বিশ্ব দরবারে বাংলাদেশের কূটনৈতিক পরিধি আরও এক ধাপ প্রসারিত হলো।

-B